গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
মার্কেটিং ও কর্পোরেট প্ল্যানিং বিভাগ
বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

**বিষয়ঃ বাংলাদেশ রেলওয়ের ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

সভাপতিঃ অতিরিক্ত মহাপরিচালক (এমএন্ডসিপি) এবং ইনোভেশান অফিসার, বাংলাদেশ রেলওয়ে।

তারিখঃ ২৫.০৮.২০২১ খ্রিঃ

সময়ঃ সকাল ১০:৩০ ঘটিকা

স্থান: কক্ষ নং-৩০২, রেলভবন, ঢাকা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট- 'ক'।

০১.০০। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন । সভাপতি জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর কার্যক্রম ১.৪ মোতাবেক ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে ইনোভেশন টিমের সভা আহ্বান করা হয়েছে। সভাপতি আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য বাংলাদেশ রেলওয়ের সিনিয়র পরিকল্পনা কর্মকর্তা/১-কে আহ্বান জানান । অত:পর এসপিএলও/১ পর্যায়ক্রমে সভার আলোচ্য বিষয় উপস্থাপন করেন।

২.০০। সভার আলোচ্যসূচী অনুযায়ী পর্যালোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২.১ | **ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা বাস্তবায়ন:**<br>**Tool Box সংক্রান্ত আলোচনা:**<br>Tool Box সংক্রান্ত আলোচনাকালে জেডিজি/অপারেশন সভাকে অবহিত করেন যে, ইতোমধ্যে গ্রেড-১ ভুক্ত ১২ জন গার্ডকে টুলবক্স সরবরাহ করা হয়েছে। বাজেট প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে আরো সরবরাহ করা হবে। সভাপতি জেডিজি/অপারেশন কে আরও টুলবক্স প্রদানের মাধ্যমে গার্ডদের সেবা প্রদান সহজীকরণের লক্ষ্যে বাজেট প্রাপ্তি সাপেক্ষে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করেন। এই লক্ষ্যে সভাপতি মহোদয় ইনোভেশন টিম লিডার হিসেবে প্রয়োজনীয় সকল সহযোগীতার আশ্বাস প্রদান করেন। | বাংলাদেশ রেলওয়েতে কর্মরত গার্ডদের টুল বক্স প্রদানের জন্য সার্বিক কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | জেডিজি/ অপারেশন |
| | **TTMS Apps সংক্রান্ত আলোচনা:**<br>বাংলাদেশ রেলওয়েতে ট্রেনের প্রকৃত অবস্থান ও গতিবেগ জানা বিষয়ক Global Positioning System (GPS)/Generral Packet Radio Service (GPRS) ভিত্তিক Train Tracking & Monitoring System (TTMS) সেবাটি মোবাইলে SMS এর পাশাপাশি "BR Explorer" Apps এর মাধ্যমে প্রাপ্তির লক্ষ্যে Android Operation System (AOS) ও IPhone Operation System (IOS) versionটি গত ১৪ মার্চ, ২০২১ তারিখে বাংলাদেশ রেলওয়েতে পরীক্ষামূলকভাবে চালু করা হয়েছে। ইতোমধ্যে ১০০০০+ রেজিস্ট্রেশন সম্পন্ন হয়েছে এবং প্রতিদিন রেজিস্ট্রেশন চলছে। তবে Appটির Payment Gateway কার্যক্রম চলমান থাকায় এখনো পুরোপুরিভাবে চালু করা সম্ভব হয়নি। | Payment Gateway এর কার্যক্রম চূড়ান্তকরণের মাধ্যমে Appsটি পুরোপুরি User Friendly করার কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে। | ডিএসটিই/ টেলিকম, ঢাকা |

চলমান পাতা-১

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২.২ | বাংলাদেশ রেলওয়ের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর কার্যক্রম ১.৬ মোতাবেক ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে ২টি অবহিতকরণ সভা/কর্মশালা অন্তর্ভুক্ত রয়েছে। সভা/কর্মশালার বিষয়বস্তুর গভীরতা উপলব্ধিপূর্বক কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে বিশেষজ্ঞের প্রয়োজনীয় সহযোগিতা প্রাপ্তির লক্ষ্যে এটুআই এর মতামত গ্রহণ করা যেতে পারে। | সভা/কর্মশালার বিষয়বস্তুর কার্যক্রম বাস্তবায়নে বিশেষজ্ঞের প্রয়োজনীয় সহযোগিতা প্রাপ্তির লক্ষ্যে এটুআইকে পত্র প্রেরণ করতে হবে। | ইনোভেশন অফিসার |
| ২.৩ | বাংলাদেশ রেলওয়ের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর ১.১ মোতাবেক উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের বাধ্যবাধকতা আছে। উক্ত কার্যক্রম বাস্তবায়নে উদ্ভাবনী ধারণা প্রেরণের লক্ষ্যে বাংলাদেশ রেলওয়ের মাঠ পর্যায়ের অংশগ্রহণ আবশ্যক। আলোচনাকালে মাঠ পর্যায়ের সকলের অংশগ্রহণের গুরুত্ব অনুধাবনপূর্বক ইনোভেশন টিমের সবাই একমত পোষণ করেন। | বাংলাদেশ রেলওয়ের উদ্ভাবনী ধারণা প্রেরণের জন্য মাঠ পর্যায়ের সকলকে পত্র দিতে হবে। | এসপিএলও/১ |

৩। অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে বাংলাদেশ রেলওয়ের ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নে কাজ করার আহ্বান জানান এবং ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০.৯.২১

(এ কে এম আব্দুল্লাহ আল বাকী)
অতিরিক্ত মহাপরিচালক (এমএন্ডসিপি)
ইনোভেশন অফিসার
বাংলাদেশ রেলওয়ে।

চলমান পাতা-২

<u>বাংলাদেশ রেলওয়ে</u>

বিষয়ঃ বাংলাদেশ রেলওয়ের ইনোভেশন কমিটির সভা।
সভাপতিঃ অতিরিক্ত মহাপরিচালক (এমএন্ডসিপি), বাংলাদেশ রেলওয়ে।
তারিখঃ ২৫.০৮.২০২১

| ক্রমিক | নাম ও পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | | | |
| ২ | মোহাম্মদ সুলতানুর খান<br>যুগ্ম-মহাপরিচালক/ অপাঃ | 01711506118 | [signature] ২৫/৮/২১ |
| ৩ | [illegible] ইসলাম<br>যুগ্ম-মহাপরিচালক (প্রকৌঃ) | 01711506119 | [signature] ২৫/৮/২১ |
| ৪ | [illegible] শরীফ<br>[illegible] | 01711500893 | [signature] 25.8.2021 |
| ৫ | মোহাম্মদ সফিকুর রহমান<br>পরিচালক/ ~~পরিচালন~~ [illegible] | 01711691613 | [signature] ২৫/৮/২১ |
| ৬ | নাজনীন নাহার<br>SPLO 1 | 01711692967 | [signature] 25.08.21. |
| ৭ | | | |